

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ২৮/২০২৪

তারিখ : ০৭/০৫/২০২৪ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

‘নতুন কাস্টমস অ্যাক্ট ২০২৩’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণ, গতিশীল ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিদ্যমান কাস্টমস অ্যাক্ট ১৯৬৯ রহিতক্রমে যুগোপযোগী করে নতুন কাস্টমস অ্যাক্ট ২০২৩ প্রণয়ন করা হয়েছে।

এসোসিয়েশনের সদস্যদের নতুন কাস্টমস অ্যাক্ট ২০২৩ সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে কাস্টম হাউস, চট্টগ্রাম ও অত্র এসোসিয়েশন কর্তৃক যৌথভাবে আগামী ১৫/০৫/২০২৪ খ্রি: তারিখ বুধবার বিকাল ৬.০০ ঘটিকায় আবদুল্লাহ কনভেনশন হল, বেপারী পাড়া, আত্মবাদ এক্সেস রোড, চট্টগ্রাম এ ‘নতুন কাস্টমস অ্যাক্ট ২০২৩’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালায় নতুন কাস্টমস অ্যাক্ট ২০২৩ এর পরিচিতিমূলক প্রশিক্ষণ প্রদান করবেন কাস্টম হাউস, চট্টগ্রাম এর জয়েন্ট কমিশনার জনাব মোঃ তারেক হাসান ও কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম এর জয়েন্ট কমিশনার জনাব তপন চন্দ্র দে।

সকল সম্মানিত সদস্য ও তাঁদের উপযুক্ত প্রতিনিধিদেরকে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক